PNL

বার্তা
আমরা মানের কথা বলি

২য় সংখ্যা, সেপ্টেম্বর ২০১৭

একটি ত্রৈমাসিক প্রকাশনা

## সম্পাদকীয়

কোম্পানির বিভিন্ন কার্যক্রম নিয়ে প্রকাশিত "পিএনএল বার্তা" আমাদের সম্মানিত গ্রাহক, পরিবেশক এবং শুভানুধ্যায়ীদের মাঝে ব্যাপক আগ্রহের সৃষ্টি করেছে, নিরবচ্ছিন্ন এই পথ চলায় আপনাদের ভালবাসায় আমরা কৃতজ্ঞ। এই অটুট বন্ধনকে সাথে রেখে আগামীর পথে এগিয়ে যাওয়ার প্রেরণায় আমরা পেডরোলো পরিবার সম্প্রতি মিলিত হয়েছি ইন্দোনেশিয়ার বালিতে পরিবেশক সম্মেলনে। পেডরোলো সবসময় আপনাদের প্রয়োজনীয়তাকে প্রাধান্য দিয়ে নিত্যনতুন পানির পাম্প বাজারে নিয়ে এসেছে। সঠিক পাম্প নির্বাচনের জন্য সম্প্রতি চালু করা হয়েছে স্বয়ংক্রিয় পানির পাম্প নির্বাচনের সফটওয়্যার। আমরা বিশ্বাস করি, নতুন ও দক্ষ জনবলের মাধ্যমে গ্রাহকদের উন্নত ও আধুনিক মানের সেবা দেওয়া সম্ভব। তাই প্রতিনিয়ত কর্মীদের প্রশিক্ষণে তৈরি করছি দক্ষ টেকনিশিয়ান ও এক্সিকিউটিভ। পণ্য ও সেবা গ্রাহকদের আরো দোরগোড়ায় পৌঁছাতে দেশব্যাপী আমাদের আরো নতুন শোরুম চালু হয়েছে, বিস্তৃত হচ্ছে নেটওয়ার্ক। সাথে থাকার জন্য সবাইকে নিরন্তর শুভেচ্ছা।

## ভীষণ উপকারী বৃষ্টির জল

অস্ট্রেলিয়ার একটি গবেষণা রিপোর্টে দাবি, বৃষ্টির পানি পৃথিবীর সবচেয়ে বিশুদ্ধ পানি এবং পান করা সবচেয়ে নিরাপদ। মাটি বা পাথরে থাকা মিনারেলস আর বর্জ্য বৃষ্টির পানিতে থাকে না। সেকারণেই বৃষ্টির পানি পানে অনেক উপকারিতা দেখছেন বিজ্ঞানীরা। জেনে নেয়া যাক বৃষ্টির পানি পানের উপকারিতাঃ

➢ বৃষ্টির পানিতে অ্যালকালাইন pH রয়েছে যা হজমশক্তি বৃদ্ধিতে সহায়ক।

➢ পাকস্থলীতে অ্যাসিডিটি বা আলসারের সমস্যায় বৃষ্টির পানি ওষুধের কাজ করে।

➢ বৃষ্টির পানিতে কোন রাসায়নিক দ্রব্য না থাকায় ত্বকের জন্য অত্যন্ত উপযোগী।

➢ পানি পরিশোধনে ফ্লোরাইড, ক্লোরিন ব্যবহার করা হয় যা ত্বককে রুক্ষ ও প্রাণহীন করে দেয়, বৃষ্টির পানিতে এই সব কিছু নেই।

*সুত্রঃ মনাস বিশ্ববিদ্যালয়, অস্ট্রেলিয়া*

## পরিবেশক সম্মেলনে প্রাণের স্পন্দন



পেডরোলো বাংলাদেশের পরিবেশকদের নিয়ে ইন্দোনেশিয়ার বালিতে সম্প্রতি অনুষ্ঠিত হলো "পার্টনার অফ পারফরমেন্স" শীর্ষক পেডরোলো পরিবেশক সম্মেলন ২০১৭ । ৪মে - ৯মে পর্যন্ত আয়োজিত সম্মেলনের ভেন্যু ছিল হ্যারিস হোটেল এন্ড রেসিডেন্স সানসেট রোড-বালি, ইন্দোনেশিয়া। পরিবেশক, কর্মকর্তা ও বিদেশী অতিথিসহ সর্বমোট ২৬২ জন এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

সারা দেশের সব পরিবেশকদের এই সম্মেলনে আমন্ত্রণ জানানো হয়; যার মধ্যে সারাদেশ থেকে ২৫০ জন ভারত, ইন্দোনেশিয়া ও ইতালি থেকে অতিথিরা কনফারেন্সে অংশগ্রহণ করেন। ৭ মে স্থানীয় সময় সন্ধ্যা ৬:৩০মিনিটে সম্মেলন শুরু হয়। হেড অব সেলস, জনাব শরিফ উদ্দিন আহমেদ ১৯৮৫ সাল থেকে পেডরোলোর পথ চলার বিবরণ দিয়ে সম্মেলন শুরু করেন। এরপর চীফ ফিন্যান্সিয়াল অফিসার সুভাষ চন্দ্র চৌধুরী ভ্যাট এবং ট্যাক্সের নতুন নিয়মের বর্ণনা দেন। পেডরোলো ইতালি থেকে জনাব এলিসো ফ্রাঙ্কিত্তো এবং পেডরোলো এনকে লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব নাদের খান সহ আরো বক্তব্য দেন পরিচালক জনাব ইমরান খান। (বাকি অংশ ৩য় পৃষ্ঠায় দেখুন)

## পানির পাম্পের যত্ন-আত্তি

♦ পাম্প ক্রয়ের পূর্বে প্রয়োজন অনুযায়ী সঠিক সক্ষমতার পাম্প নির্বাচন করুন, অথবা পেডরোলো হটলাইন ১৬৩০৮-এর সহায়তা নিন।

♦ পানির পাম্প শুষ্ক ও বাতাস চলাচল করে এমন স্থানে এবং শিশুদের নাগালের বাহিরে স্থাপন করুন।

♦ পানি ও বিদ্যুৎ অপচয় রোধে ট্যাংকে ফ্লোট সুইচ ব্যবহার করুন।

♦ পানির রির্জাভার নিয়মিত পরিস্কার রাখুন (প্রয়োজনে পেডরোলো হটলাইনের সহায়তা নিন)।

# বাংলাদেশের প্রেক্ষাপটে বৃষ্টির পানি সংরক্ষণ

নদীমাতৃক বাংলাদেশে একসময় সুপেয় পানির প্রধান উৎস ছিল পুকুর, নদী ও খালে জমে থাকা বৃষ্টির পানি। কিন্তু বর্তমানে বিপুল জনসংখ্যার প্রয়োজন মেটাতে ও বিশুদ্ধ পানির জন্য ভূগর্ভস্থ পানির ওপর নির্ভর করতে হয়। এছাড়া কৃষিতে সেচের জন্যও ভূগর্ভস্থ পানির উত্তোলন বেড়েছে, ফলে ভূগর্ভস্থ পানির স্তর প্রতিবছর ৩ মিটার নিচে নেমে যাচ্ছে। অদূর ভবিষ্যতে পানির স্তর আরো নেমে গেলে দেশ ভয়াবহ পানি সংকটে পড়ার আশংকা রয়েছে।

এই সংকট থেকে মুক্তি পেতে বৃষ্টির পানি সংরক্ষণ করা যায়। বৃষ্টির পানি নেমে যাওয়ার আগে সংরক্ষণ করাকে রেইন ওয়াটার হার্ভেস্টিং বলে। পৃথিবীর প্রায় অনেক দেশে বৃষ্টির পানি সংরক্ষণ করে পানির প্রয়োজন মেটানো হয়। ভূগর্ভস্থ পানির স্তর যাতে নিচে নেমে না যায় সেই জন্য বৃষ্টির পানি ব্যবহার করতে হবে। তাছাড়া আর্সেনিক দূষিত এলাকায় বৃষ্টির পানি ব্যবহারে স্বাস্থ্য ঝুঁকি অনেক কম। বৃষ্টির পানি অনেক বিশুদ্ধ এবং সহজেই পাওয়া যায়। বাংলাদেশে বিভিন্ন অঞ্চলে প্রায় এক হাজার দুইশত থেকে তিন হাজার মিলিমিটার পর্যন্ত বৃষ্টিপাত হয়। উপকূল ও পাহাড়ি অঞ্চলে বৃষ্টিপাতের পরিমাণ বেশি। যদি এসব অঞ্চলে বৃষ্টির পানি সঠিক ভাবে সংরক্ষণ করা যায় তাহলে দৈনন্দিন ব্যবহারে সবাই সুফল পাবে। বাংলাদেশে গড় বৃষ্টিপাতের পরিমাণ ২৪৬০ মিলিমিটার যার অধিকাংশ হয় বর্ষা মৌসুমে।


ঢেউ টিনের ছাদ থেকে বৃষ্টির পানি সংরক্ষণ

## বৃষ্টির পানি সংরক্ষনের পদ্ধতি

ভবনের নিচে অথবা ছাদে বিশেষ ব্যবস্থায় রিজার্ভার স্থাপন করে সহজেই বৃষ্টির পানি ধরে রাখা যায়। ভবনের নিচে টেকসই রিজার্ভার, পানির ট্যাংক অথবা খনন করে তাতে সিমেন্ট অথবা পুরু পলিথিনের আস্তরণ দিয়ে ট্যাংক বানিয়ে সংরক্ষণ করা যায়। বৃষ্টির পানি ট্যাংকে রিজার্ভ করতে পাইপের সাহায্য নেওয়া যেতে পারে। এমন জায়গায় পাইপ বসাতে হবে যাতে বৃষ্টির পানি সেই পথ বেয়ে রিজার্ভারে এসে জমা হয়। পাশের দেশ ভারতের আহমেদাবাদসহ ইউরোপের অনেক দেশে এই পদ্ধতির সফলতা রয়েছে। বারমুডাতেও বৃষ্টির পানি এভাবে ধরে রেখে সারা বছর ব্যবহার হয়। তাছাড়া যেসব এলাকায় পানি স্বল্পতা রয়েছে সেখানে আইন করে বৃষ্টির পানি ধরে রাখা বাধ্যতামূলক করা হয়েছে। ভারতের রাজস্থানসহ বেশ কিছু রাজ্যে এমন ব্যবস্থা নেয়া হয়েছে। বাংলাদেশেও এভাবে বৃষ্টির পানি সংরক্ষণের উপর জোর দিয়ে সুপেয় পানির সংকট মোকাবেলা করা যায়। এক্ষেত্রে বাংলাদেশ সবার কাছে রোল মডেল হতে পারে।

# গলফ টুর্নামেন্টের অন্যতম স্পন্সর

ভাটিয়ারী গলফ এবং কান্ট্রি ক্লাবে গত ২৯ শে মার্চ হতে ১লা এপ্রিল, ২০১৭ তে অনুষ্ঠিত গলফ টুর্নামেন্টের অন্যতম গর্বিত স্পন্সর ছিলো পেডরোলো বাংলাদেশ লিমিটেড। উক্ত গলফ টুর্নামেন্টে বিভিন্ন দেশের খ্যাতনামা গলফারগণ অংশগ্রহণ করেন।




# নতুন শোরুম চালু




গ্রাহকের আরো দোরগোড়ায় পৌঁছাতে কক্সবাজার এবং চট্টগ্রামের বন্দরটিলায় সম্প্রতি ২২ তম এবং ২৩ তম "পিএনএল ডিসপ্লে এন্ড সেলস সেন্টার" চালু হয়েছে।

# পেডরোলো হেডকোয়ার্টারে রবি আজিয়াটা



সম্প্রতি রবি আজিয়াটা লিমিটেডের সিইও জনাব মাহতাব উদ্দিন আহমেদ এবং হেড অব এন্টারপ্রাইজ জনাব নোবেল পেডরোলোর হেডকোয়ার্টার পরিদর্শনকালে কোম্পানির উচ্চপদস্থ কর্মকর্তাগণের সাথে ক্লাউড সার্ভিস এবং যৌথভাবে ব্যবসায়িক পরিসেবা পরিবর্ধন নিয়ে আলোচনা করেন।

# জব ফেয়ারে সবার আগ্রহের কেন্দ্রে




কোম্পানি সবসময় নতুন দক্ষ জনবল নিয়োগে উৎসাহ দেয়। যার ফলে কোম্পানির কাজের গতি এবং নিত্য নতুন পরিকল্পনা বাস্তবায়ন সহজ হয়। তাই বিডিজবস.কম এর আয়োজনে সম্প্রতি চিটাগং এম এ আজিজ স্টেডিয়ামের জিমনেসিয়াম হলে আয়োজিত জব ফেয়ারে পিএনএল হোল্ডিংস লিমিটেড অংশগ্রহণ করে। কোম্পানির স্টলে এসময় প্রচুর চাকরীপ্রার্থীদের ভিড় দেখা যায়।

## পরিবেশক সম্মেলন

জনাব নাদের খান তার বক্তব্যে পরিবেশকদের সম্মেলনে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানান। তিনি পরিবেশকদের ভ্যাট এবং ট্যাক্স দেয়ার জন্য উৎসাহিত করেন, যা দেশের সার্বিক উন্নয়নে ভূমিকা রাখবে। পেডরোলো এস.পি.এ ইতালির জনাব এলিসো ফ্রাঙ্কিত্তো গ্রাহকদের জন্য আধুনিক প্রযুক্তির সমন্বয়ে নতুন পণ্য বাংলাদেশে নিয়ে আসার ঘোষণা দেন। জনাব ইমরান খান পেডরোলো ইন্দোনেশিয়ার পরিবেশক জনাব উইলিয়ামকে বাংলাদেশের পরিবেশকদের সাথে পরিচয় করিয়ে দেন। কনফারেন্সে বিভিন্ন বিভাগে পরিবেশকদের পুরস্কৃত করা হয়। সবশেষে সাংস্কৃতিক অনুষ্ঠানে ইন্দোনেশীয় শিল্পীদের আঞ্চলিক নৃত্য দর্শকদের মন জয় করে এবং গালা ডিনারের মাধ্যমে অনুষ্ঠান শেষ হয়। এছাড়া পরিবেশকদের বালির বিভিন্ন দর্শনীয় স্থান ঘুরিয়ে দেখানো হয়। বালির নয়নাভিরাম সৌন্দর্য, উপভোগ্য আবহাওয়া এবং আন্তরিক আপ্যায়ন সবাইকে মুগ্ধ করে।

## পুরস্কার বিতরণ

**জাতীয় পর্যায়ে অসাধারণ বিক্রয় দক্ষতার জন্য যথাক্রমে পুরস্কৃত করা হয়**

প্রথম স্থানঃ রূপায়ন যন্ত্রলয়া, ঢাকা

দ্বিতীয় স্থানঃ আল আমিন হার্ডওয়্যার , ফেনী

তৃতীয় স্থানঃ এশিয়া মেশিনারি স্টোর, চট্টগ্রাম

চতুর্থ স্থানঃ এ হাকিম এন্ড ব্রাদার্স, চট্টগ্রাম

পঞ্চম স্থানঃ এস এফ এন্টারপ্রাইজ, নোয়াখালী

**আঞ্চলিক পর্যায়ে অসাধারণ বিক্রয় দক্ষতার জন্য যথাক্রমে পুরস্কৃত করা হয়**

ঢাকা বিক্রয় অঞ্চলঃ ইউনিয়ন টুলস এন্ড মিল স্টোর, ঢাকা

চট্টগ্রাম বিক্রয় অঞ্চলঃ ডিলাক্স স্যানিটারি, চট্টগ্রাম

কুমিলা বিক্রয় অঞ্চলঃ এ জামান স্যানিটারি, নোয়াখালী

খুলনা বিক্রয় অঞ্চলঃ ইমরান ট্রেডার্স , খুলনা

বগুড়া বিক্রয় অঞ্চলঃ এলিন মেশিনারি স্টোর , দিনাজপুর

এবং ম্যান অব দি ইয়ার পুরস্কার গ্রহণ করেন রূপায়ন যন্ত্রলয়ার স্বত্তাধিকারী জনাব আলহাজ্ব মহসীন আলী।



দেশব্যাপী সেরা পরিবেশকদের পুরস্কার প্রদান



বক্তব্যরত ব্যবস্থাপনা পরিচালক জনাব নাদের খান



নতুন পণ্য উপস্থাপন করেন জনাব এলিসো ফ্রাঙ্কিত্তো



পেডরলো এনকে লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালকের সাথে কর্মকর্তাবৃন্দ



মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনরত স্থানীয় শিল্পীরা



বিভিন্ন মিডিয়ায় পেডরোলো পরিবেশক সম্মেলনের নিউজ কভারেজ

## নতুন পণ্য: ট্রাইটাস সাবমার্সিবল পাম্প



পানির পাম্পের নিত্যনতুন ব্যবহার, গুণমাণ এবং নির্ভরতা সবার কাছে আগ্রহের বিষয়। তাই পেডরোলো গ্রাহকদের চাহিদা এবং আধুনিক প্রযুক্তির সমন্বয়ে ইতালিয়ান প্রযুক্তিতে নিত্যনতুন পানির পাম্প তৈরি করছে। তারই ধারাবাহিকতায় পেডরোলো নিয়ে এসেছে ট্রাইটাস সাবমার্সিবল গ্রিন্ডার পাম্প। ময়লা পানি অপসারণ এবং ড্রেইনেজ সিস্টেমে এই পাম্প দারুণ কার্যকর। এতে আছে আধুনিক কাটার টেকনোলজি যা পানির সাথে ময়লা আবর্জনা কেটে টুকরো টুকরো করে বের করে দেয় ফলে ময়লা আবর্জনা অবশিষ্ট থাকেনা। বাংলাদেশের প্রেক্ষাপটে সিটি কর্পোরেশনের ড্রেনেজ সিস্টেম পরিষ্কার, বৃষ্টির পানি নিষ্কাষনে বিশেষ উপযোগী। পাম্পটিতে রয়েছে পুরো লোহার বডি যা যেকোন তাপমাত্রায় কাজ করতে পারে। বিল্ট ইন অয়েল চেম্বার, স্টেইনলেস স্টিল হ্যান্ডল, ক্যাটাফোরেটিক আস্তরণসহ সাকশনে সর্বোচ্চ মানের গ্রিন্ডার বৈশিষ্ট্যের কারণে এই পাম্প বিশ্বব্যাপী সাড়া তুলেছে।

## কম্বিপ্রেস প্রেসার বুস্টিং



কম্বিপ্রেস দুইটি পাম্পের সমন্বয়ে তৈরি প্রেসার বুস্টিং সিস্টেম, যা কোন ওভারহেড ট্যাংক ছাড়াই রিজার্ভার থেকে পানি সরবরাহ করতে পারে। পানি উত্তোলনের চাহিদা অনুযায়ী প্রথম পাম্প স্বয়ংক্রিয়ভাবে চালু হয় এবং চাহিদা বাড়ার সাথে সাথে দ্বিতীয় পাম্প চালু হয়ে যায়। এই সিস্টেমে যতটুকু প্রয়োজন ঠিক ততটুক সময় পাম্প চলে, তাই কমে বিদ্যুৎ ও ওভারহেড ট্যাংকের খরচ। উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে বাংলাদেশেও ব্যবহার হচ্ছে কম্বিপ্রেস। বাসা-বাড়ি, বহুতল ভবন, কমিউনিটি সেন্টার, পানি পরিশোধনাগার, স্কুল, মসজিদসহ অন্যান্য কাজে এই সিস্টেম বিশেষ কার্যকর। আমাদের সার্ভিস ডিপার্টমেন্টের তত্ত্বাবধানে সম্প্রতি চট্টগ্রামে সফলভাবে স্থাপন করা হয়েছে কম্বিপ্রেস প্রেসার বুস্টিং সিস্টেম।

## হালদা ভ্যালি বাগানে ড্রাগন ফলের বাম্পার ফলন



পেডরোলোর অঙ্গ প্রতিষ্ঠান হালদা ভ্যালির গাছে গাছে ঝুলছে লাল টুকটুকে ড্রাগন ফল। এ বছর বেশ ভালো ফলন হয়েছে দুর্লভ ও সুস্বাদু ড্রাগন ফলের। চা উৎপাদনে রেকর্ড সৃষ্টির পাশাপাশি দেশের মাটিতে বিদেশি ড্রাগন ফল চাষেও সফলতা অর্জন করেছে হালদা ভ্যালি। ড্রাগন ফলে প্রচুর ফিটোনোট্রিয়েন্টস, এন্টি অক্সিডেন্ট রয়েছে যা ভিটামিন সি সমৃদ্ধ। তাছাড়া রয়েছে পলিস্যাচুরেটেড ফ্যাটি এসিড যা স্বাস্থ্যের জন্য উপকারী এবং কার্বোহাইড্রেট তৈরিতে প্রচুর ভিটামিন বি, ক্যারোটিন ও প্রোটিন রয়েছে। শক্ত হাড় এবং দাঁতের জন্য ক্যালসিয়াম এবং শরীরের রক্ত বিশুদ্ধ করার জন্য আয়রন এবং ফসফরাস রয়েছে। এই ফল শ্বাস প্রশ্বাসের সমস্যা, দ্রুত ক্ষত জখম নিরাময় এবং শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে ।

## ফেনীতে প্লাম্বার কর্মশালা অনুষ্ঠিত



পেডরোলো এনকে লিমিটেডের উদ্যোগে ফেনী জেলার প্লাম্বারদের নিয়ে গত ২৩শে আগস্ট "প্লাম্বার মিট" নামে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্লাম্বারদের প্রাণবন্ত উপস্থিতি ছিল। পেডরোলোর বিভিন্ন পাম্প সম্পর্কে প্লাম্বারদের পরিচিত করানো হয় এবং সঠিকভাবে পানির পাম্প নির্বাচন ও স্থাপন সম্পর্কে আলোচনা করা হয়।

## "বিজিফ্লোর" নতুন সিরিজ বাজারে



সাধ্যের মধ্যে সেরা পাম্প হিসেবে পরিচিত "বিজিফ্লো" ব্রান্ডের নতুন সিরিজের পাম্প এখন দেশের বাজারে। বিভিন্ন সুবিধা এবং কার্যকারিতা সহ উলেখযোগ্য সিরিজ গুলো হলো 2CP, CFs 150, JFs 100। সেচ ব্যবস্থা, পানি সরবরাহ, প্রেশার সিস্টেম, লিকুইড ট্রান্সফার, বোর হোল থেকে পানি উত্তোলন ইত্যাদি বিভিন্ন প্রয়োজনে এইসব পাম্প ব্যবহার করা যাবে।

পিএনএল হোল্ডিংস লিমিটেড একটি ব্যবসা প্রতিষ্ঠান যা পেডরোলো এনকে লিমিটেড সহ ট্রেডিং, প্লান্টেশন ও অন্যান্য ব্যবসায়ের তত্ত্বাবধান করে।

PEDROLLO SAER BGFLOW HCP Halda Valley Halda Fisheries